185

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... DEC 21 1999

পৃষ্ঠা ১২ কলাম ৩

## জহুরুল হক হলের গেট ভেঙ্গেছে বাবুর ক্যাডাররা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ছাত্রলীগ থেকে বহিষ্কৃত ঢাকা বিশ্ববিদ্যালয়ের জহুরুল হক হল শাখা সভাপতি মঈনউদ্দিন বাবু রবিবার গভীর রাতে হলের পলাশী মোড়স্থ গেট ভেঙ্গে ফেলেছে। এ সময় বাবুর ক্যাডাররা গেট সংলগ্ন দেয়ালও ভেঙ্গে ফেলে। এই ঘটনার পর পুলিশ রাতেই জহুরুল হক হল ও এফ রহমান হলে নিষ্ফল তল্লাশি চালিয়েছে।

বাবু ঘটনার দিন রাতেই হলে পুলিশী তল্লাশির কারণে সাধারণ ছাত্রদের দিয়ে উপাচার্যের বাসভবনের সামনে বিক্ষোভ মিছিল সমাবেশ করিয়েছে। জহুরুল হক হল পরিস্থিতি এখন থমথমে।